

## **া** ইসলামী জ্ঞান: নিত্যদিনের প্রয়োজনে

বিভাগ/অধ্যায়ঃ কুরআন, হাদিস ও ফিকহ রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

হাদীস কি কি কারনে "দুর্বল" হয়?

## হাদীস দুর্বল হওয়ার কারণসমূহ

দুনিয়ায় যত দুর্বল হাদীস আছে, সব কিছুর দুর্বলতার কারণ মূলত চারটি বিষয়ের বাইরে নয়—এর তিনটি বর্ণনাকারীদের সঙ্গে সম্পর্কিত, একটি সনদের সঙ্গে সম্পর্কিত:

- ১. (বর্ণনাকারীর দুর্বলতা): তার হিফজ (মুখস্থশক্তি) বা ইনসাফ/আদালতের ক্ষেত্রে কোনো দোষ থাকলে।
- ২. (বর্ণনাকারীর অজানা হওয়া): অর্থাৎ, তাকে ইনসাফ বা সমালোচনার ভিত্তিতে চেনা না গেলে।
- ৩. (বর্ণনাকারীর বিরোধিতা করা): যেমন, 'মু□আল্লাল' (ত্রুটিযুক্ত) হাদীস, যার বিভিন্ন প্রকার রয়েছে।
- ৪. (সনদের মধ্যে ছেঁটে যাওয়া/সক্ষোচন): এটি ছয় রকম—মুরসাল, মু□আল্লাক, মু□দ্বাল, মুনকাতি□, মুদাল্লাস, এবং মুরসাল খাফি।

উপরোক্ত চারটি কারণকে সংক্ষেপে হাফিয ইবনু হাজার রাহিমাহুল্লাহ মাত্র দুইটি প্রধান শ্রেণিতে সংক্ষিপ্ত করেছেন:

- ১. (বর্ণনাকারীর সমালোচনা): এর মধ্যে রয়েছে—বর্ণনাকারীর দুর্বলতা, অজানা হওয়া এবং তার বিরোধিতা করা।
- ২. (সনদের ছেঁটে যাওয়া): যার মধ্যে পূর্বোক্ত ছয়টি ধরন অন্তর্ভুক্ত।

## ফুটনোট

https://www.facebook.com/abubakar.m.zakaria/posts/pfbid0j4P5jeNdBJrSEUKQgeoFUUSaZUPfqWu9EEvL2VSQo2mmo3fecScpLQf5bQP9vNTPl



• Source — https://www.hadithbd.com/books/link/?id=15121

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন